গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১১৫

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**
মুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**। কালবৈশাখী ঝড়ের সতর্কবার্তা :**
আজ (২৬ এপ্রিল ২০২৬) দুপুর ১২ টা থেকে পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে রংপুর, ময়মনসিংহ, ঢাকা ও সিলেট বিভাগের উপর দিয়ে বিচ্ছিন্নভাবে পশ্চিম/উত্তরপশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কিমি/ঘন্টা বা তার অধিক বেগে ঝড়ো হাওয়াসহ কালবৈশাখী ঝড় বয়ে যেতে পারে। এ সময় কালবৈশাখী ঝড়ের সাথে বজ্রপাত ও বিচ্ছিন্নভাবে শিলাবৃষ্টি হতে পারে।

**৩। আজ ২৬ এপ্রিল ২০২৬ সকাল ০৯ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
রংপুর, বগুড়া, পাবনা, টাঙ্গাইল, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে অস্থায়ীভাবে ঝড়োহাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ০২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ০২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

**৪। ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:**
দেশের উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরি হচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। এর প্রভাবে আজ (২৬-০৪.২০২৬ খ্রি.) সকাল ০৯ টা হতে পরবর্তী ৯৬ ঘন্টায় রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৪৮ মি.মি./২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮ মি.মি./২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে। ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে এসব এলাকার কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতা তৈরি হতে পারে।

**৫। আজ ২৬.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূবার্ভস:**
**সিনপটিক অবস্থা:** লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ হতে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাস:**

**প্রথম দিন (২৬.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রি সেঃ কমতে পারে এবং দেশের অন্যত্র তা সামান্য কমতে পারে। সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**তাপ প্রবাহ:** ঢাকা, মাদারীপুর, রাজশাহী, পাবনা, পটুয়াখালী, রাঙ্গামাটি, চাঁদপুর, লক্ষ্মীপুর, বান্দরবান ও ফেণী জেলাসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু কিছু জায়গা থেকে প্রশমিত হতে পারে।

**দ্বিতীয় দিন (২৭.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**তৃতীয় দিন (২৮.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায়; রংপুর, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

**চতুর্থ দিন (২৯.০৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।
**পঞ্চম দিন (৩০.৪.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** এ সময়ের শেষের দিকে দেশের বৃষ্টিপাতের প্রবণতা কমতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.৫ ঢাকা ও মাদারীপুর | **৩৮.৪ রাজশাহী** | ৩৩.৩ দিনাজপুর | ৩৩.২ ময়মনসিংহ | ৩৪.৫ শ্রীমঙ্গল | ৩৭.৫ রাঙ্গামাটি | ৩৭.৬ যশোর ও কুমারখালী | ৩৬.২ পটুয়াখালী |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.২ নিকলি | ২২.৫ বদলগাছী | **২০.০ দিনাজপুর** | ২১.০ নেত্রকোনা | **২০.০ শ্রীমঙ্গল** | ২৫.৫ কুমিল্লা | ২৪.২ কুমারখালী | ২৬.০ পটুয়াখালী |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **রাজশাহী ৩৮.৪$^{o}$** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **দিনাজপুর ও শ্রীমঙ্গল ২২.৩$^{o}$।**
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;

- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৬। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:**
**(১৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৬ এপ্রিল, ২০২৬ খ্রি.)**

-

**এক নজরে উত্তর-পূর্বাঞ্চলীয় হাওর অববাহিকার নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ**

1. দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সুরমা-কুশিয়ারা ও ধনু-বাউলাই নদীসমূহের পানি সমতল গত ২৪ ঘণ্টায় হ্রাস পেয়েছে, অপরদিকে **ভুগাই-কংস** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; এবং নদীসমূহ প্রাক-মৌসুমী বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
2. **গত ২৪ ঘণ্টায়** দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় এবং দেশের উজানে **মাঝারি-ভারি থেকে ভারি বৃষ্টিপাত** পরিলক্ষিত হয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, দেশের উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকায় আগামী **০১ দিন মাঝারি-ভারি থেকে ভারি** এবং **পরবর্তী ০২ দিন ভারি থেকে অতিভারি** বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।
3. উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার সিলেট, সুনামগঞ্জ,নেত্রকোণা জেলার **সুরমা-কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল আগামী ০১ দিন হ্রাস পেতে পারে এবং ২য় দিন স্থিতিশীল থেকে **৩য় দিন বৃদ্ধি** পেতে পারে, অপরদিকে **ভুগাই-কংস** নদীসমূহের পানি সমতল আগামী **০৩ দিন বৃদ্ধি** পেতে পারে এবং **ধনু-বাউলাই** নদীসমূহের পানি সমতল আগামী ০২ দিন স্থিতিশীল থেকে **৩য় দিন বৃদ্ধি** পেতে পারে। **৩য় দিন ভুগাই-কংস** ও **ধনু-বাউলাই** নদীসমূহের পানি সমতল **প্রাক-মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত** হয়ে, উক্ত নদী অববাহিকা সংলগ্ন **নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার কোনো কোনো স্থানে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।**

<u>পানি সমতল ও বারিপাত তথ্য</u>

**(১৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/২৬ এপ্রিল, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)**

**প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।**

| প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | প্রাক-মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য**

বাংলাদেশের অভ্যন্তরে:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| নাকুয়াগাঁও (শেরপুর) | ৮৫.০ | শ্রীমঙ্গল (মৌলভী বাজার) | ৩৬.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চল: নেই।**

| স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৪৬ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ০৯ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৩৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |

| | | | |
|---|---|---|---|
| অপরিবর্তিত | ০১ | প্রাক-মৌসুমী বিপদসীমা উপরে স্টেশন সংখ্যা | ০০ |

৭। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৪ এপ্রিল ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ২৫ এপ্রিল ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **২৮টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ৮ | ২ | ০ |
| ২. | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪. | সিলেট | ২ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ৭ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৭. | খুলনা | ৫ | ০ | ০ |
| ৮. | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **২৮** | **২** | **০** |

২৬-০৪-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১১৫/১ (১৭)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।

১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।